

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৪৬৭

উদয়পুর, ৬ মার্চ, ২০২৬

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে
মহিলা কমিশনের বিভিন্ন কর্মসূচি

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন। এরই অঙ্গ হিসেবে আগামী ৯ মার্চ উদয়পুরে পঞ্চায়েতরাজ ট্রেনিং ইনস্টিটিউটে গোমতী জেলাভিত্তিক মহিলা জন সুনবাই অনুষ্ঠিত হবে। আজ গোমতী জেলা শাসকের কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ কথা জানান গোমতী জেলার জেলাশাসক রিঙ্কু লাথের। তিনি জেলার সকল সুবিধাভোগী ও মহিলাদের এই সুযোগ গ্রহণ করে তাদের বিভিন্ন সমস্যা ও অভিযোগ তুলে ধরার জন্য আহ্বান জানান। আজকের এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সিনিয়র ডেপুটি কালেক্টর আশু রঞ্জন দেববর্মা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ-অধিকর্তা টিঙ্কু বিশ্বাস প্রমুখ।
